

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/হাসপাতাল নির্দিষ্টকরণ/২০২০/ ৭ ৬ ৪

তারিখঃ ২০-০৬-২০২০খ্রিঃ।

বিষয়ঃ শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালকে অগ্রাধিকার ভিত্তিতে কোভিড আক্রান্ত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীদের চিকিৎসার ব্যবস্থাকরণ প্রসংগে।

আপনি সম্যক অবহিত আছেন যে, সারা বিশ্বের মত বাংলাদেশেও কোভিড-১৯ রোগের প্রাদুর্ভাব চলছে। চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীগণ এ ক্ষেত্রে সম্মুখযোদ্ধা। ইতিমধ্যে অনেক চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যসেবা প্রদানকারী আক্রান্ত হয়েছেন এবং অনেকেই মৃত্যু বরণ করেছেন। কিন্তু চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের দ্রুত রোগ সনাক্ত ও সুচিকিৎসার ব্যবস্থা না করতে পারলে কোভিড ও নন-কোভিড উভয় ধরনের রোগীর চিকিৎসা ব্যবস্থায় অপূরণীয় ক্ষতি হবে এবং চলমান চিকিৎসা ব্যবস্থাও ব্যাহত হবে।

এমতাবস্থায় আপনার হাসপাতালটিকে অগ্রাধিকার ভিত্তিতে কোভিড আক্রান্ত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য ও বহিঃ এবং অন্তঃবিভাগীয় যাবতীয় স্বাস্থ্যসেবার সুব্যবস্থা করার জন্য সুনির্দিষ্ট করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

Amirul Haque

(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

বিতরণঃ

পরিচালক

শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল
মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
- ২। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন (বিএমএ), ঢাকা।
- ৪। সভাপতি, ন্যাশনাল টেকনিক্যাল এ্যাসোসিয়েশন কমিটি।